

০৫. আশ্রয়ন প্রকল্প সমূহে
ঋণ বিতরণ
সংক্রান্ত সেবা

মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়ের অর্থায়নে আশ্রয়ন প্রকল্পটি পরিচালিত হয়ে থাকে। আশ্রয়ন প্রকল্পে বসবাসরত (১৮ বছরের উর্ধ্ব) সকল সদস্যদের নিয়ে সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা অনুযায়ী একটি সমবায় সমিতি গঠন করা হয়। অতঃপর প্রধান মন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত অর্থের মাধ্যমে আশ্রয়ন প্রকল্পে বসবাসরত হতদরিদ্রদের ভাগ্যোন্নয়নে ৭% সার্ভিস চার্জ উপকারভোগী সদস্যদের মাঝে ঋণ বিতরণ করা হয়। উক্ত ঋণের আসল ও সার্ভিস চার্জসহ সমুদয় অর্থ এ দপ্তর হতে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়। ঋণ বিতরণ নীতিমালা অনুযায়ী ঋণ কার্যক্রম পরিচালিত হয়।

প্রাপ্ত ঋণের আবেদন পাওয়ার পর ঋণ নীতিমালা অনুযায়ী ঋণ প্রদান কমিটি কর্তৃক যাচাই-বাছাই করতঃ ৭ কর্ম দিবসের মধ্যে উপকার ভোগীদের ঋণ প্রদানের ব্যবস্থা করা হয়।